



# চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## CHITTAGONG UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY

CHATTOGRAM-4349, BANGLADESH.

স্মারক নং:-/চুয়েট/ভিসি অফিস/ কো-অর্ডিনেশন-১/২০২৬

১৭ শ্রাবণ, ১৪৩১ বঙ্গাব্দ  
০১ আগস্ট, ২০২৪ খ্রি:।


### -:বিজ্ঞপ্তি:-

কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে দেশের বিদ্যমান সার্বিক পরিস্থিতিতে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর নিরপরাধ ও সাধারণ শিক্ষার্থীদের কোন প্রকার হয়রানি না করে তাদের সুরক্ষা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশেষভাবে অনুরোধ জানাচ্ছে।

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর কোনো শিক্ষার্থী যদি অহেতুক হয়রানির শিকার হয় তাহলে ছাত্রকল্যাণ অধিদপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো: রেজাউল করিম (মোবাইল নম্বর: 01725-469613) এবং উপ-পরিচালকবৃন্দ যথাক্রমে ড. মো: সাইফুল ইসলাম (মোবাইল নম্বর: 01840-066254) এবং ড. মোহাম্মদ ইসলাম মিয়া (মোবাইল নম্বর: 01796-567065)-এর সাথে যোগাযোগের জন্য নির্দেশনা প্রদান করা হচ্ছে। এ বিষয়ে অত্র বিশ্ববিদ্যালয় থেকে সকল ধরনের সহযোগিতা প্রদান করা হবে।

আমরা সকলের সার্বিক সহযোগিতা ও মঙ্গল কামনা করছি।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে-


  
০২/০৮/২০২৪  
(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৩। নিরাপত্তা উপদেষ্টা ও সহকারী পরিচালক (নিরাপত্তা), চুয়েট (বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট সব আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সংস্থাগুলোকে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। সহকারী রেজিস্ট্রার (সমন্বয়), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৫। পিও টু প্রো-ভিসি, চুয়েট (উপ-উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৬। সংরক্ষণ নথি।

  
(মোহাম্মদ ফজলুর রহমান)

উপ-পরিচালক (জনসংযোগ)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।